

মাননীয়,

যুগ্ম জিলা জজ ২য় আদালত , ফেনী
জেলা- ফেনী।

মানিডিং ৪৫/১৬ইং।

মোঃ মোস্তফা
ডিক্রীদার

বনাম

আবুল কালাম
দায়ীক

ডিক্রীদার পক্ষে দায়ীকের স্বাবর সম্পত্তি ক্রোকাবদ্ধ করার আদেশের প্রার্থনা।

নিবেদন এই,

উপরোক্ত মামলা অত্রাদালতে দায়েরী মানি ০১/১১ ইং মামলার বিগত ২৮/১০/২০১৪ইং তারিখের রায়ে ডিক্রীদার পক্ষে ৩৬৮৬৪৮/= টাকা ডিক্রী প্রদান করিয়া উক্ত তারিখ হইতে আগামী ৪৫ দিনের মধ্যে তাহা ডিক্রীদার পক্ষে পরিশোধ করার জন্য রায় ডিক্রী দিয়া থাকেন। দায়ীক বিজ্ঞ আদালতের রায় ডিক্রী মোতাবেক ডিক্রীকৃত টাকা পরিশোধ না করায় ডিক্রীদার ডিক্রীকৃত টাকা পাওয়ার নিমিত্তে; অত্রাদালতে অত্র ডিক্রী জারী মামলা আনয়ন করিয়া থাকে। ডিক্রী জারী মামলায় দায়ীক হাজির হইয়া দীর্ঘদিন যাবত আপত্তি দাখিলের জন্য সময় প্রার্থনা করিয়া আপত্তি দাখিল না করিয়া কালক্ষেপন করিতে থাকে। এমতাবস্থায় ডিক্রীদার দায়ীকের নামীয় খরিদা বিগত ০৭/০৭/২০১০ ইং তারিখে রেজিষ্ট্রিকৃত ২৬২৬ নং কবলার সহিমোহর নকল বিগত ০৭/০৩/২০১৮ ইং তারিখে দাখিল করিয়া উক্ত খরিদা দলিলের আবৃত ২০ শতক ভূমি ক্রোকাবদ্ধ করিয়া নিলামের আদেশ দেওয়ার নিমিত্তে ডিক্রীদার বিগত ০৭/০৩/২০১৮ইং তারিখে দরখাস্ত আনয়ন করিয়া থাকেন। বিজ্ঞ আদালত ডিক্রীদারের দাখিলীয় দরখাস্তের পরিপ্রেক্ষিতে উক্ত তারিখে ১০ দিনের কারণ দর্শানোর আদেশ দিয়া থাকেন। বিজ্ঞ আদালত হইতে দায়ীকের প্রতি বিগত ০৮/৩/২০১৮ ইং তারিখে কারণ দর্শানোর নোটিশ জারী হইয়া নথির সামিল আছে। কিন্তু দায়ীক নোটিশ প্রাপ্ত হওয়ার পর ও ডিক্রীদারের টাকা পরিশোধ করে নাই এবং কারণ দর্শানোর কোন জবাবও প্রদান না করিয়া দৃষ্টতা প্রদর্শন করিয়া আসিতেছে। এমতাবস্থায় ডিক্রীদারের টাকা পাওয়ার নিমিত্তে দায়ীকের নামীয় খরিদা ভূমি ক্রোকাবদ্ধ করা একান্ত আবশ্যিক। তদার্থে ডিক্রীদার হুজুরাদালতে অত্র প্রার্থনা আনয়ন করিতেছে।

অতএব বর্ণিত অবস্থা ও কারণাধীনে ডিক্রীদারের ডিক্রীকৃত পাওনা ৩৬৮৬৪৮/= টাকা পাওয়ার নিমিত্তে দায়ীকের নামীয় নিম্ন তফসিল বর্ণিত ভূমি ক্রোকাবদ্ধ করিয়া নিলাম আদেশ দানের মর্জি হয়।

তফসিল ভূমি

জেলা- ফেনী, উপজিলা- ছাগলনাইয়া, মৌজা-সেকান্তপুর , মধ্যে জেএল নং এসএ ১৩৫ বিএস ৯ নং বিএস খতিয়ান নং ৭২২ খারিজী খতিয়ান নং ৯৩৬

2 cvZv

সাবেক ১৩৩৪ দাগ হাল বিএস ৮৫৭ দাগে ৪১ শতক আন্দরে ২০.৫০ শতক
নাল যাহার চৌহদ্দী:-

উত্তরে: হাজী সফিকের রহমান

দক্ষিণে: দলিলের রহমান

পূর্বে: সুলতান আহাম্মদ

পশ্চিমে: আবদুল মুনাফ

যাহা দায়ীক বিগত ০৭/০৭/২০১০ ইং তারিখে ২৬২৬ নং সাফ কবলা মূলে
খরিদ সূত্রে মালিক দখলকার আছে।

সত্যপাঠ

অত্র দরখাস্তের যাবতীয় বিবরণ সত্য
জ্ঞানে নিম্নে নিজ নাম স্বাক্ষর করিলাম
ইতি তাং-